104

ভোরের কাগজ

তারিখ … APR. ৭ … 1999

পৃঃ ১০ কলাম ৮

উত্তরায় প্রথম নগর পাঠাগারের উদ্বোধন

# এ বছরই নগরীতে ব্র্যাক-এর ২০টি পাঠাগার হচ্ছে

ঢাকার উপকণ্ঠে উত্তরার আজমপুরে ব্র্যাকের প্রথম নগর পাঠাগারের উদ্বোধন করা হয় গত ২৬ মার্চ। ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ফজলে হাসান আবেদ পাঠাগারটি উদ্বোধন করেন। পরিকল্পনা অনুযায়ী চলতি বছর মহানগরীতে আরো ২০টি ব্র্যাক পাঠাগার স্থাপন করা হবে।

এই প্রকল্পের ফলে এলাকাবাসীর বিভিন্ন প্রকারের বই, খবরের কাগজ, পত্রিকা ইত্যাদি নিয়মিত প্রাপ্তির অভাব পূরণ হবে। এই প্রথম পাঠাগারটিতে পাঠাগারের স্থান, আসবাবপত্র, ন্যূনপক্ষে ২ হাজার ৫০০ বই, দুই/তিনটি করে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক পত্রিকা ব্র্যাক সরবরাহ করেছে। এলাকাবাসীর সহায়তায় বিনামূল্যে স্থান সংকুলানের ব্যবস্থা হলে ব্র্যাক এ ধরনের পাঠাগার মহানগরীর অন্যান্য এলাকায়ও প্রতিষ্ঠা করবে।

শুক্রবার ছাড়া প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ১২টা সব সদস্যদের জন্য এবং বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত শুধুমাত্র মহিলা ও শিশুদের জন্য খোলা থাকবে। সদস্যদের বার্ষিক চাঁদা ৫০ টাকা এবং ছাত্রছাত্রীদের জন্য ২৫ টাকা ধার্য্য করা হয়েছে। প্রতিটি পাঠাগারে প্রশিক্ষণ প্রদানের জন্য দুটি করে কম্পিউটারও প্রদান করা হবে।

উল্লেখ্য, পল্লী অঞ্চলের শিক্ষিত মানুষ, বিশেষ করে ছাত্রছাত্রীদের পাঠ্যসূচি বহির্ভূত পড়াশুনার সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে ব্র্যাক এ পর্যন্ত স্থানীয় জনগণের সহযোগিতায় ইউনিয়ন পর্যায়ে ৩০৭টি পাঠাগার স্থাপন করেছে। বিজ্ঞপ্তি।